বইঘর.কম

# THE REAL TEST 37

## BCS Preliminary Questions

**01. Which word means the opposite of 'dearth'?** ৪০তম বিসিএস

ⓚ lack ⓚ abundance ⓖ poverty ⓖ shortage

(ক) lack (খ) abundance (গ) poverty (ঘ) shortage — উত্তর : খ

**Hints :** *Dearth (অভাব; আকাল)-এর বিপরীত শব্দ abundance (অতিপ্রাচুর্য)। তাছাড়া option-এর lack (অভাব, ঘাটতি), poverty (দরিদ্রদশা) এবং shortage (ঘাটতি) হলো dearth-এর সমার্থক।*

**02. কোন শব্দযুগলটি ভিন্ন?** ৩৯তম বিসিএস (বিশেষ)

(ক) False, True (খ) Sharp, Blunt (গ) Love, Affection (ঘ) Abundance, Scarcity — উত্তর : গ

**Hints :** *Flase– মিথ্যা, True– সত্য; Sharp– ধারালো, Blunt– ভোঁতা; Abundance– প্রাচুর্য, Scarcity– অভাব*

*অর্থাৎ প্রতিটি শব্দ যুগলে পরস্পর বিপরীত শব্দ (Antonym) রয়েছে। কিন্তু Love– ভালোবাসা, স্নেহ, মমতা এবং Affection– স্নেহ, ভালোবাসা, মমতা এ শব্দযুগল সমার্থক (Synonym)।*

**03. Which one is the correct antonym of 'frugal'?** ৩৮তম বিসিএস

(ক) Extraordinary (খ) spendthrift (গ) economical (ঘ) authentic — উত্তর : খ

**Hints :** *Frugal (মিতব্যয়ী, হিসাবি)-এর সঠিক antonym হলো spendthrift (অমিতব্যয়ী, অপব্যয়ী)। তাছাড়া extraordinary শব্দের অর্থ অসাধারণ, economical অর্থ মিতব্যয়ী, হিসাবি যা frugal- এর সমার্থক আর authentic শব্দের অর্থ খাঁটি, অকৃত্রিম।*

**04. Select the word that is the most closely opposite in meaning to the capitalized word : DELETERIOUS.** ৩৭তম বিসিএস

(ক) toxic (খ) spurious (গ) harmless (ঘ) lethal — উত্তর : গ

**Hints :** *Deleterious—ক্ষতিকর। Option সমূহের মধ্যে Toxic— বিষাক্ত; spurious—কৃত্রিম, মিথ্যা; harmless— অহিংস, যা ক্ষতি করে না; lethal—মারাত্মক ক্ষতিকর। অতএব অর্থের দিক থেকে deleterious এবং harmless পুরোপুরি opposite বা বিপরীতার্থক।*

**05. What would be the right antonym for 'initiative'?** ৩৬তম বিসিএস; ৩৫তম বিসিএস; বন অধিদপ্তরের বনপ্রহরী ২০১x

(ক) apathy (খ) indolence (গ) enterprise (ঘ) activity — উত্তর : ক

**Hints :** *Initiative অর্থ– পরিকল্পনা, উদ্যোগ, প্রারম্ভ। Option গুলোর মধ্যে apathy–অর্থ অনীহা, অনাগ্রহ; indolence – অলসতা; enterprise–প্রারম্ভ, উদ্যোগ এবং activity – অর্থ কার্যকারিতা, সক্রিয়তা। Initiative-এর antonym হিসেবে apathy ও indolence হতে পারে। তবে, 'apathy' antonym হিসেবে most appropriate।*

**06. Give the antonym of the word 'transitory'.** ৩৬তম বিসিএস

(ক) temporary (খ) permanent (গ) transparent (ঘ) short-lived — উত্তর : খ

**Hints :** *Transitory অর্থ- ক্ষণস্থায়ী। Option-গুলোর মধ্যে temporary, transparent ও short-lived-এর অর্থ ক্ষণস্থায়ী, স্বল্পকালীন এবং permanent অর্থ –স্থায়ী। সুতরাং transitory-এর antonym হচ্ছে permanent।*

**07. What would be the best antonym of "hibernate"?** ৩৫তম বিসিএস

(ক) dormancy (খ) liveliness (গ) sluggishness (ঘ) democracy — উত্তর : খ

**Hints :** *Hibernate অর্থ—নিষ্ক্রিয় অবস্থায় থাকা বা অলসভাবে সময় কাটানো। Option গুলোর মধ্যে dormancy অর্থ—সুপ্তাবস্থা, স্থগিত অবস্থা; liveliness—কর্মতৎপরতা, সক্রিয়তা; sluggishness—অলসতা, জড়তা এবং democracy অর্থ—গণতন্ত্র। সুতরাং hibernate এর antonym হচ্ছে liveliness।*

www.boighar.com

08. **Choose the correct antonym for : 'Oblige'.** ৩২তম বিসিএস
ⓚ Bind ⓚ Require ⓖ Bother ⓖ Censure উত্তর গ
**Hints :** *Oblige অর্থ– বাধ্য করা; অনুগ্রহ করা। Bind অর্থ– বাঁধা; Require অর্থ– প্রয়োজন হওয়া; Bother অর্থ– বিরক্ত বা জ্বালাতন করা; Censure অর্থ– সমালোচনা করা।*

09. **Choose the correct antonym for : 'Cynical'.** ৩২তম বিসিএস
ⓚ Pessimistic ⓚ Gullible ⓖ Equivocal ⓖ Liberal উত্তর খ
**Hints :** *Cynical অর্থ– নৈরাশ্যবাদী; অবিশ্বাসী। Pessimistic অর্থ– হতাশাপ্রবণ; Gullible অর্থ– অতিবিশ্বাসপ্রবণ; Equivocal অর্থ– দ্ব্যর্থবোধক এবং Liberal অর্থ– বদান্য; উদার।*

10. **Choose the word opposite in meaning to the given word : Repeal—** ৩১তম বিসিএস
ⓚ Abolish ⓚ Enact ⓖ Annul ⓖ Nullify উত্তর খ
**Hints :** *Repeal অর্থ—বাতিল করা; Abolish অর্থ—লোপ করা; Enact অর্থ—আইনে পরিণত করা; Annul অর্থ—বাতিল করা; Nullify অর্থ—বাতিল করা।*

11. **Choose the word opposite in meaning to the given word : Equity—** ৩১তম বিসিএস
ⓚ Uprightness ⓚ Justice ⓖ Integrity ⓖ Bias উত্তর ঘ
**Hints :** *Equity অর্থ—ন্যায়পরায়ণতা; uprightness অর্থ—অকপটতা; justice অর্থ—ন্যায়পরায়ণতা; Integrity অর্থ—সাধুতা; Bias অর্থ—পক্ষপাত। এখানে Bias হচ্ছে equity-এর opposite অর্থবোধক শব্দ।*

12. **Choose the word opposite in meaning to the given word : LIABILITY** ৩১তম বিসিএস
ⓚ Treasure ⓚ Debt ⓖ Assets ⓖ Property উত্তর গ
**Hints :** *Liability— দায়; Treasure—অত্যন্ত মূল্যবান সম্পদ; Debt—ঋণ, দেনা; Assets— সম্পদ; Property— সম্পত্তি; বিত্ত।*

13. **Choose the word opposite in meaning to the given word : HATE** ৩১তম বিসিএস
ⓚ Admire ⓚ Abhor ⓖ Concern ⓖ Loathe উত্তর ক
**Hints :** *Hate— ঘৃণা করা; Admire— প্রশংসা করা; Abhor— ঘৃণা করা; Concern— উদ্বেগ; Loathe— অপছন্দ করা।*

14. **The antonym for 'Recalcitrant'—** ২৪তম বিসিএস
ⓚ Compliant ⓚ Passive ⓖ Indifferent ⓖ Careful উত্তর ক
**Hints :** *Compliant-শিষ্ট, ভদ্র। Passive-নিষ্ক্রিয়। Indifferent- উদাসীন। Careful-সতর্ক। Recalcitrant অর্থ হলো অবাধ্য।*

15. **Which phrase contains words opposed to each other in meaning?** ২৩তম বিসিএস
ⓚ Hopes and aspiration. ⓚ Heat and dust. উত্তর গ
ⓖ Reproduction and death. ⓖ Emerged and advanced.
**Hints :** *Hope প্রত্যাশা এবং aspiration আকাঙ্ক্ষা বা উচ্চাশার সমার্থক। Heat অর্থ উত্তাপ বা তাপ দেয়া এবং dust অর্থ হলো ময়লা। Reproduction অর্থ পুনরুৎপাদন বা জন্মদান আর death অর্থ হলো মৃত্যু। সুতরাং এরা পরস্পর বিপরীত অর্থবোধক (opposed to each other in meaning)। Choice 'ঘ'-তে emerged অর্থ হলো উদ্ভূত, প্রকাশিত আর advanced অর্থ অগ্রবর্তী।*

16. **If a substance is cohesive, it tends to —.** ২০তম বিসিএস
ⓚ retain heat ⓚ bend without much difficulty উত্তর গ
ⓖ stick together ⓖ break easily
**Hints :** *Cohesive – দৃঢ়ভাবে একত্রে লেগে থাকে এমন, Retain heat– তাপ অব্যাহত রাখা, Bend without too much difficulty– খুব বেশি কাঠিন্য ছাড়াই বাঁকা হয়, Stick together– একত্রে লেগে থাকা, Break easily– সহজেই ভেঙে যায়। যে জিনিস Cohesive (দৃঢ়ভাবে লেগে থাকে) তা অবশ্যই stick together (একত্রে লেগে থাকে)।*

17. Because she had reputation for — we were surprised and pleased when she greeted us so— ১৮তম বিসিএস
ⓚ insolence–irately ⓚ insouciance–cordially
ⓖ arrogance–disdainfully ⓖ querulousness–affably উত্তর : ঘ
**Hints :** *Because দ্বারা দুটি clause যুক্ত হওয়ায় Synonym প্রয়োজন ছিল। তবে Surprised শব্দটি থাকায় Antonym ব্যবহার করতে হবে।*
*Insolence – ধৃষ্টতা, ঔদ্ধত্য।* *Irately – ক্রুদ্ধভাবে।*
*Insouciance – নিরুদ্বেগ, নিরাসক্তি, নির্লিপ্ততা।* *Cordially – আন্তরিকভাবে, সহৃদয়ভাবে।*
*Arrogance – ঔদ্ধত্য।* *Disdainfully – ঘৃণা ভরে, অবজ্ঞা ভরে*
*Querulouseness – কলহপ্রিয়তা।* *Affably – অমায়িকভাবে। সুতরাং সঠিক উত্তর ঘ*

18. **The antonym for 'inimical'—** ১৭তম বিসিএস
ⓚ Hostile ⓚ Friendly ⓖ Indifferent ⓖ Agnry উত্তর : খ
**Hints :** *Inimical– বৈরী, প্রতিকূল। Hostile– শত্রুভাবাপন্ন, Friendly– বন্ধুভাবাপন্ন, অনুকূল (বিপরীতার্থক)। Indifferent– অনীহ, নিরুৎসুক। Angry – রাগান্বিত।*

19. **The opposite word of 'sluggish'—** ১৭তম বিসিএস
ⓚ Animated ⓚ Dull ⓖ Heavy ⓖ Slow উত্তর : ক
**Hints :** *Sluggish অর্থ মন্থর, ধীর। অন্যদিকে Animated অর্থ প্রাণচঞ্চল বা প্রাণবন্ত।*

20. **The antonym of 'indifference' is—** ১৬তম বিসিএস
ⓚ ardour ⓚ compassion ⓖ anxiety ⓖ concern উত্তর : ক
**Hints :** *Indifference – অনীহা, নিস্পৃহা, উদাসীনতা। Ardour– উৎসাহ, ব্যাকুলতা; compassion – করুণা, সমবেদনা; anxiety – উদ্বেগ, উৎকণ্ঠা এবং concern –উদ্বেগ, সম্পৃক্ততা।*

21. **What is the antonym of 'famous'?** ১৫তম বিসিএস
ⓚ Opaque ⓚ Illiterate ⓖ Obscure ⓖ Immature উত্তর : গ
**Hints :** *Famous – বিখ্যাত, সুবিদিত, সুপরিচিত। এর antonyms হচ্ছে Obscure– অস্পষ্ট, গুপ্ত, Opaque – আলো নিরোধক, অস্বচ্ছ, Illiterate – নিরক্ষর, অশিক্ষিত, Immature – অপ্রাপ্তবয়স্ক।*

22. **What kind of man is quite the opposite type of' supercilious'?** ১৪তম বিসিএস
ⓚ Affable ⓚ Haughty ⓖ Disdainful ⓖ Wicked উত্তর : ক
**Hints :** *Supercilious – অহংকারী আচরণ, Affable-বন্ধুত্বপূর্ণ আচরণ।*

23. Anything 'Pernicious' tends to injure or destroy. Something which has no such harmful effect is— ১৩তম বিসিএস
ⓚ innocuous ⓚ innocent ⓖ immaculate ⓖ salutary উত্তর : ক
**Hints :** *Pernicious অর্থ 'যা ক্ষতি করে বা ধ্বংস করে'। Innocuous অর্থ ক্ষতি করে না এমন।*

24. **What is the antonym of 'Queer'?** ১২তম বিসিএস
ⓚ Integrated ⓚ Orderly ⓖ Abnormal ⓖ Odd উত্তর : খ
**Hints :** *Queer – অস্বাভাবিক, অদ্ভুত, বিচিত্র অসামঞ্জস্যপূর্ণ। Integrated – অখণ্ড, একিভূত, অঙ্গীভূত। Oderly – নিয়মমাফিক, স্বাভাবিক, সামঞ্জস্যপূর্ণ। Abnormal – অস্বাভাবিক, ব্যতিক্রমী। Odd – অদ্ভুত, অস্বাভাবিক, দৃষ্টিকটু। কাজেই Queer-এর বিপরীত শব্দ হচ্ছে Orderly।*

25. **What is the antonym of 'Honorary'?** ১১তম বিসিএস
ⓚ Offical ⓚ Honorable ⓖ Salaried ⓖ Literary উত্তর : গ
**Hints :** *Honorary – অবৈতনিক, সম্মানসূচক। Official – আনুষ্ঠানিক, দাপ্তরিক। Honorable – মাননীয়, মান্য, শ্রদ্ধাভাজন। Salaried – বেতনভুক্ত, বেতন গ্রহণ করে এমন। Literary – সাহিত্যবিষয়ক, লেখকসংক্রান্ত।*

26. **What is the antonym of 'gentle'?** ১০তম বিসিএস, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ২০১৫
ⓚ harsh ⓚ modest ⓖ clever ⓖ rude উত্তর : ঘ
**Hints :** *Gentle – ভদ্র, নম্র। Harsh – কর্কশ, অমসৃণ (বিশেষত বস্তুর সাথে)। Modest – বিনয়ী, নম্র। Clever – চতুর, চালাক। Rude – অভদ্র, অমার্জিত, রুক্ষ।*